মুজিবনগরে মহান বিজয় দিবসে বিএনপির শ্রদ্ধাঞ্জলি

মুজিবনগরে মহান বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন বিএনপির নেতা কর্মীরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপির ১নং যুগ্ন আহবায়ক ও উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে বিএনপির নেতাকর্মীরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় উপজেলা বিএনপি, উপজেলা যুবদল, সেচ্ছাসেবকদল,কৃষকদল, ছাত্রদলসহ বিএনপির অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ বিজয় র্যালি সহকারে মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন করে মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেছেন।

অন্যদের মধ্যে বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক, সাইফুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদ,উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক, সিরাজুল ইসলাম,সেচ্ছাসেবক নেতা জেমস,মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল, উপজেলা জাসাস এর সভাপতি হেলাল খানসহ উপজেলা বিএনপি যুবদল কৃষক দল স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে মহান বিজয় দিবস উদযাপন

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা প্রশাসনের দিনব্যাপী আয়োজনের প্রথম অংশে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ৩১ বার

তোপধ্বনীর মধ্য দিয়ে দিবসটির শুভ সূচনা করা হয়। এরপর মহান মুক্তিযুদ্ধসহ সকল শহীদদের সম্মান জানাতে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, মুক্তিযুদ্ধ সন্তান কমান্ড, আনসার ও ভিডিপি, টুরিস্ট পুলিশ, মুজিবনগর প্রেসক্লাব, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা টেকনিক্যাল কলেজ, বাগোয়ান ইউনিয়ন পরিষদ।

পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ সময় বাংলাদেশ পুলিশ, আনসার ব্যাটালিয়ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ও আনসার ভিডিপি চৌকস দল উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমানকে গার্ড অফ অনার প্রদান করেন।

বিজয় দিবস উদযাপনের দ্বিতীয় অংশে বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে বিজয় মেলা উদ্বোধন এবং বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। বিকেলে প্রীতি ফুটবল ম্যাচ ও বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে মহান বিজয় দিবসে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

যথাযোগ্য মর্যাদায় মেহেরপুরে পালিত হচ্ছে ৫৪ তম মহান বিজয় দিবস।

আজ সোমবার (১৬ ডিসেম্বর) সূর্যদয়ের সাথে সাথে মেহেরপুর শহরের কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে জেলা প্রশাসনের পক্ষ থেকে শহীদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

আইন শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম।

এসময় বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন(অব.) আব্দুল মালেক, স্থানীয় সরকারের উপপরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, সহকারী কমিশনার মোঃ আবীর হোসেন, মোঃ সাজেদুল ইসলাম, তানজিনা শারমিন দৃষ্টি, মোঃ হাবিবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।



পরে একে একে মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, সিভিল সার্জন অফিস, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরেপুর সরকারি মহিলা কলেজ, জেলার বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
শ্রদ্ধা নিবেদন শেষে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়।

ব্র্যাক মাইগ্রেশন অ্যাওয়ার্ড পেলেন সাংবাদিক রাশেদুজ্জামান, অনুসন্ধানীতে নাজমুল সাঈদ

৯ম মাইগ্রেশন মিডিয়া অ্যাওয়ার্ড এর টেলিভিশন নিউজ ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড পেলেন চ্যানেল 24 এর মেহেরপুরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও কুষ্টিয়ার ক্যামেরাপারসন এস আই সুমন।

আজ সকাল সাড়ে ১১ টার দিকে ডেইলিস্টার ভবনে এক অনাড়ম্বর আয়োজনের মধ্য দিয়ে এই অ্যায়ার্ড তুলে দেওয়া হয়। অ

ভিবাসন খাতে সাংবাদিকতায় অবদান রাখায় ব্র্যাক মাইগ্রেশন মিডিয়া এই অ্যাওয়ার্ডের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ছিলেন ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত এইস ই মাইকেল মিলার, বিশেষ অথিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম, ব্র্যাকের প্রধান নির্বাহী অসিফ সালেহ।

অবৈধপথে ইতালি যাওয়ার পথে লিবিয়ায় মাফিয়াদের হাতে বন্দি হচ্ছে বাংলাদেশী যুবক। বাংলাদেশ ও লিবিয়ান কিছু নাগরিক একটি মাফিয়া চক্র তৈরি করেছেন। তাদেরকে লিবিয়ায় আটকে রেখে নির্যাতন করে ভিডিও ধারন করা হয়। সেই ভিডিও পরিবারের সদস্যদের দেখিয়ে লাখ লাখ টাকা আদাঁয় করে চক্রটি। আর এই টাকা লেনদেন হয় দেশের বিভিন্ন জায়গার ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে। চক্রটি কাজ করছে সারাদেশ।

এ নিয়ে রাশেদুজ্জামানের দুই পর্বের ধারাহিক রিপোর্ট প্রচার করে চ্যানেল ২৪। ক্যামেরায় ছিলেন কুষ্টিয়ার ক্যামেরা পার্সন এস.আই সুমন।অভিবাসন খাতে সাংবাদিকদের অবদানকে স্বীকৃতি দিতে ২০১৫ সালে দেশে প্রথমবারের মতো প্রবর্তিত হয় ব্র্যাক মাইগ্রেশন মিডিয়া অ্যাওয়ার্ড। এ বছর নবমবারের মতো এই পুরস্কার দেওয়া হলো। অভিবাসন খাতে অবদান রাখাই দেশের ১৫ জন সাংবাদিককে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়।



ওয়ার্ড চ্যাম্পিয়ন

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হয়েছে। আজ রবিবার দুপুরে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

এ সময় একদিকে অংশগ্রহণ করে ২ নাম্বার ওয়ার্ড অপরদিকে অংশ গ্রহণ করে ৯ নম্বর ওয়ার্ড। ২ নাম্বার ওয়ার্ড প্রথমে ব্যাটে গিয়ে ৯০ রানের টার্গেটে ৯ নম্বর ওয়ার্ড জয় লাভ করে।

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাসসহ অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর পৌর ওয়ার্ল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা সমাপ্তি করেন।

উল্লেখযোগ্য মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ড থেকে ৯টি দল অংশগ্রহণ করে। এই মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজনকে ঘিরে মেহেরপুর পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা গেছে।

মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার ২ বহনকারী পলাতক

মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে ১ লক্ষ টাকা মূল্যের ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ এ সময় ফেন্সিডিয়াল ফেলে পালিয়ে যায় দুই মাদক ব্যবসায়ী।

শনিবার রাত ৯ টার সময় জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়ের পাশ থেকে এসব ফেনসিডিল আটক করা হয়।

পুলিশের এজাহার সূত্রে জানা গেছে, মুজিবনগর থানার জয়পুর মোড়োতলা বিলের দিক থেকে আনন্দবাস গ্রামের দিকে কতিপয় মাদক ব্যবসায়ি মাদকদ্রব্য ফেনসিডিল নিয়ে যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ এর নির্দেশে এসআই উত্তম কুমার সংগীয় ফোর্স পিএসআই সাইফুল ইসলাম, এএআই (ইলিয়াস হোসেন, কং হেলাল উদ্দিন, কং বিপ্লব হোসন শনিবার রাত ৯ টার দিকে জয়পুর গ্রামের জয়পুর-তারানগর মাধ্যমিক বিদ্যালয়ের উত্তরে জনৈক সেন্টুর পুকুরের পাশে গোপনে অবস্থান করে।

কিছুক্ষণ পরে দুইজন লোক হাতে করে দুইটি প্লাস্টিকের ব্যাগ নিয়ে পুলিশের নিকটবর্তী রাস্তার উপর পৌছামাত্র পুলিশের উপস্থিতি টের পেয়ে দৌড়ে পালানোর সময় পুলিশ তাদের পিছু পিছু ধাওয়া করে। পুলিশের ধাওয়া খেয়ে আসামী উপজেলার আনন্দবাস গ্রামের (পূর্বপাড়া) মৃত সদর মোল্লার ছেলে সাইফুল ইসলাম (৩৫) এবং আনন্দবাস খ্রিষ্টানপাড়ার আরশাদ আলীর ছেলে সেলিম (৩৭) ২ টি প্লাস্টিকের ব্যাগ ফেলে দৌড়ে পালিয়ে পালিয়ে যায়।আসামীদের ফেলে যাওয়া ০২ (দুই) টি বাজার করা প্লাস্টিকের ব্যাগের মধ্যে রক্ষিত সর্বমোট (২৫+২৫)= ৫০ (পঞ্চাশ) বোতল অবৈধ মাদক দ্রব্য ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করে পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, পলাতক আসামীদের সম্পর্কে খোঁজ খবর নিয়ে জানা গেছে আসামীরা এলাকার চিহ্নিত ও পেশাদার মাদক ব্যবসায়ী। তারা পরস্পর যোগসাজসে ও সহায়তায় ফেন্সিডিল সহ বিভিন্ন প্রকার মাদকদ্রব্য নিজ হেফাজতে রেখে এলাকায় বিক্রয় করে যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে।

পলাতক আসামীদের বিক্রয়ের উদ্দেশ্যে অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল হেফাজতে রেখে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) এর ১৪(খ) ধারার অপরাধ করেছে। পলাতক আসামীদের গ্রেফতারের জন্য অভিযান চলছে।

মেহেরপুরের সুবিদপুরে প্রতিপক্ষের হামলায় আহত ৩

মেহেরপুরে সরকারি বিধি না মেনে সেচ পাম্প স্থাপনের প্রতিবাদকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় তিন জন আহত হয়েছে।

গত বৃহস্পতিবার মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামে এ ঘটনা ঘটেছে। হামলার ঘটনায় ৮ জন কে অভিযুক্ত করে মেহেরপুর সদর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

অভিযুক্তরা হলেন- সুবিদপুর গ্রামের মৃত ইমাজ উদ্দিনের ছেলে মো: হাফিজুর রহমান (৬০), মো: শহিদুল ইসলাম (৫৭), মো: ইয়ারুল ইসলাম (৫০), মো: আসাদুল (৫৫), একই গ্রামের মো: হুসাইন (৩৮),মো: আশরাফুল ইসলাম (৩৮), মো: আতিকুর রহমান (৪৮), মো: শামসুজ্জোহা (৫০)।

অভিযোগ পত্র থেকে জানা গেছে, গত বৃহস্পতিবার ১২ টার দিকে সৌর সেচ প্রকল্প বসানোকে কেন্দ্র করে সুবিদপুর কুসু বেড়ে মাঠে কথকাটাকাটির এক পর্যায়ে অভিযুক্তরা ইয়ারুল ইসলাম ও তার ভাই জিয়ারুল ইসলাম ও মোজাম্মেল হকের উপর হামলা চালিয়ে মারাত্মক জখম করে। বর্তমানে আহতরা রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল ও মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী দিবসে বিএনপি নেতাকর্মীদের ঢল

মেহেরপুরে শহীদ বুদ্দিজীবী দিবস পালন করেছে বিএনপি।

শনিবার সকালে মেহেরপুর পৌর, সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা বিএনপির উদ্যোগে নানা কর্মসূচীর মধ্যে দিয়ে দিবসটি পালন করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে র্যালিটি বিএনপির কার্যালয় থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা পরিষদের সামনে শহীদ স্মৃতিসৌধের সামনে গিয়ে শেষ হয়। সেখানে স্মৃতি সৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয় এবং সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়।



জেলা বিএনপির যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জাসাস সভাপতি অশেষ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবদ্দিন, বিএনপি নেতা হাবিবুর রহমান, ফজলুর রহমানসহ বিএনপির সহস্রাধিক নেতাকর্মী অংশ নেন।

মেহেরপুরে ভাষা সংগ্রামী

গোলাম কাওসার চানা আর নেই

মেহেরপুরের ভাষা সংগ্রামী গোলাম কাওসার (চানা) ইন্তেকাল করেছেন ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন।

আজ শনিবার বিকাল ৩টা ৪০ মিনিটের সময় তিনি শহরের পুরাতন পোস্ট অফিস পাড়াস্থ নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৩ বছর। তিনি সাংবাদিক জিএফ মামুন লাকির পিতা এবং মেহেরপুর পৌরসভার কর্মচারী ছিলেন।

আগামীকাল রবিবার সকাল ১০ টার সময় নিমতলা মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

ভাষা সংগ্রামী গোলাম কাওসার চানার সংক্ষিপ্ত জীবনী

৫২-এর ভাষা সৈনিকদের হত্যার বিরুদ্ধে যে কয়জন মেহেরপুরে প্রতিবাদ ও মিছিল করেছিলেন তাদের মধ্যে গোলাম কাওসার চানা অন্যতম। ভাষা আন্দোলনের সময়ে মেহেরপুরে গঠিত ভাষা সংগ্রাম পরিষদের সাধারণ সম্পাদক ছিলেন তিনি।

১৯৫২ সালে ২১ ফেব্রুয়ারি শহীদ সালাম বরকত জব্বারদের হত্যার কথা মেহেরপুরে পরের দিন শুনতে পাওয়া যায়। তৎক্ষণাৎ মুন্সী সাখাওয়াত হোসেন ও গোলাম কাউসার চানার নেতৃত্বে ঢাকায় হত্যার প্রতিবাদে মেহেরপুরের রাস্তায় রাস্তায় প্রতিবাদ ও মিছিল করেছিলেন। পাক সরকারের ভাষা আন্দোলনের সময়ে তিনি মেহেরপুর উচ্চ ইংরেজি মডেল স্কুলের নবম শ্রেণির ছাত্র ছিলেন।

সম্প্রতি তাঁর একটি সাক্ষাৎকার থেকে জানা গেছে, ১৯৫৩ সালের ২১ ফেব্রুয়ারি পালন করতে গিয়ে পুলিশের নির্যাতন এমনকি কারাবরণ করতে হয় তৎকালীন উচ্চ ইংরেজি মডেল স্কুলের সাত শিক্ষার্থীকে। স্কুলের ছাত্ররা একুশে ফেব্রুয়ারি ক্লাস থেকে বেরিয়ে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে মিছিল নিয়ে শহরে বের হয়। শিক্ষকরা প্রাচীর হয়ে দাঁড়িয়েছিল সেদিন। ভয়-ভীতি দেখানোর পরও সেই বাঁধার প্রাচীর ভেঙে একুশে ফেব্রুয়ারি উদযাপন বন্ধ করতে পারেনি। শিক্ষকদের আদেশ অমান্য করে একুশে পালনের অপরাধে ইসমাইল ও নজির হোসেন বিশ্বাসসহ সাতজন ছাত্রকে আটক করে পুলিশ। পরে জামিনে মুক্তি পেলেও স্কুল কমিটির সিদ্ধান্তে তাদের ফোর্স টিসি দেওয়া হয়। তারা সবাই এখন পরপারে।

গোলাম কাউসার চানা ১৯৩০ সাল রতনপুর মিশন হাসপাতালে জন্মগ্রহণ করেন। বাবা তিন কড়ি শেখ, মা জয়তুন নেছা। গোলাম কাউসার চানা ৭১ মুক্তিযুদ্ধ অংশগ্রহণ করেছিলেন তবে তিনি মুক্তিযুদ্ধে রাষ্ট্রের খেতাব আজও পাননি। গোলাম কাউসার চানা রাষ্ট্রীয়ভাবে সেইভাবে মূল্যায়িত না হলেও, প্রতিবছর মেহেরপুর জেলা প্রশাসক এই ভাষা আন্দোলন কারীর হাতে সম্মানসূচক ক্রেস্ট ফুল ও ফল তুলে দেন বলে জানা গেছে। স্বাধীনতা-পরবর্তী সময়ে তিনি মেহেরপুর পৌরসভায় কর আদায়কারী হিসেবে কর্মরত ছিলেন।

মুজিবনগরে নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

নানা আয়োজনে ১৪ ই ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আজ শনিবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন করে মহান মুক্তিযুদ্ধ ও পরবর্তীতে সব শহীদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধারা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আসাদুজ্জামান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, উপজেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ ছাত্র প্রতিনিধি তুষার প্রমুখ।

পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গনে মহান মুক্তিযুদ্ধসহ সব শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। পরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ অডিটরিয়ামে শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।